

কলাতলায় ঘৰ

অসমিয়া লোকছড়া

কলাতলায় ঘৰ

অসমিয়া লোকছড়া

সংকলন ও ভাষান্তর
মানিক দাস

মনফকিরা
www.monfakira.com

কলাতলায় ঘর
অসমিয়া লোকছড়া

সংকলন ও ভাষান্তর
মানিক দাস

প্রচ্ছদ ও ভেতরের ছবি : অলকানন্দা সেনগুপ্ত

ISBN : 978-93-80542-60-7

প্রথম প্রকাশ : ডিসেম্বর ২০১৩

প্রকাশক : মনফকিরা

২২৮৩ নয়াবাদ, বাড়ি ৮ রাস্তা ১ নবোদিত, মুকুন্দপুর,
কলকাতা ৭০০ ০৯৯

বইপাড়ায় : ১৬ কানাই ধর লেন, কলকাতা ৭০০ ০১২

২৯/৩ শ্রীগোপাল মল্লিক লেন, কলকাতা ৭০০ ০১২

ফোন : ৯১-৮৪২০৯-২৯১১১/ ৯৪৩৩৪-১২৬৮২/ ৯৪৩৩১-২৮৫৫৫

ওয়েবসাইট : www.monfakira.com

ই-মেল : monfakirabooks@gmail.com/ monfakira.fakira@gmail.com/

monfakirabooks@yahoo.co.in

ব্লগস্পট : http://monfakira.blogspot.com

ফেসবুক : https://www.facebook.com/monfakira2013

গুগল প্লাস : https://plus.google.com/u/0/111119619973026469315/posts

মুদ্রক : জয়শ্রী প্রেস, ৯১/১বি বৈঠকখানা রোড, কলকাতা ৭০০ ০০৯

৫০ টাকা

ভাষান্তর প্রসঙ্গে

আর সব ভাষার মতো অসমিয়া ভাষাতেও রয়েছে লৌকিক ছড়া। সে সব স্বভাবতই বিচিত্র স্বাদের এবং স্থানীয় জীবনের নিজস্ব অভিজ্ঞতায় সমৃদ্ধ। বাংলার সঙ্গে তার মিল চোখে পড়ার মতো। ফলে ভাষান্তর করতে গিয়ে বেশ আনন্দই পেয়েছি। অনেক ছড়াই ছোটদের খেলাধুলা সংক্রান্ত, এবং বাঙালিদের শৈশবের অনেক খেলার সঙ্গে রয়েছে তার সাদৃশ্য। বলা বাহুল্য যে, খেলার ব্যাপারটা বাদ দিলেও ছড়াগুলো তাদের স্বকীয়তা হারায় না দেখে খেলার প্রসঙ্গ অধিকাংশ সময়ে উহ্য রেখেছি।

ভাষান্তরের ক্ষেত্রে আমি মূলের প্রতি বিশ্বস্ত থাকার চেষ্টা করেছি। এতে কোথাও-কোথাও তাল কেটেছে, হয়তো রসহানিও ঘটেছে, সন্দেহ নেই, কিন্তু আমি সমঝোতা করার চেষ্টা করিনি। সে ভাবেই রেখে দিয়েছি। এটা আমার অক্ষমতা।

যাদের কথা ভেবে এই ছড়াগুলো নিয়ে দীর্ঘদিন ধরে মেতে আছি, তাদের ভালো লাগলেই আমার আনন্দ বহু গুণ বেড়ে যাবে।





১

ও ফুল, ও ফুল, ফুটিসনে কেন?
গরু যে ডগা খায়, আমি ফুটব কেন?
ও গরু, ও গরু, ডগা খাস কেন?
রাখাল যে চরায় না, আমি খাব না কেন?
ও রাখাল, ও রাখাল, গরু চরাস না কেন?
রাঁধুনি যে ভাত দেয় না, আমি চরাব কেন?
ও রাঁধুনি, ও রাঁধুনি, ভাত দিসনে কেন?
কাঠুরে যে খড়ি দেয় না, আমি রাঁধব কেন?
ও কাঠুরে, ও কাঠুরে, খড়ি দিসনে কেন?
বটগাছ যে কেটে রেখেছি, শুকোয় না কেন?
ও বট, ও বট, শুকোস না কেন?
মেঘ যে বৃষ্টি দেয়, আমি শুকোব কেন?
ও মেঘ, ও মেঘ, বৃষ্টি দিস কেন?
ব্যাঙ ডাকে ঘ্যাঙর ঘ্যাঙ, আমি দেব না কেন?
ও ব্যাঙ, ও ব্যাঙ, ডাকিস কেন তুই?
বাপ-ঠাকুরদার বৃত্তিটা আমি ছাড়ব কেন?


১

অ' ফুল, অ' ফুল, নুফুল নো কিয়?
গৰুৱে যে আগ খায় মইনো ফুলিম কিয়!
অ' গৰু, অ' গৰু, আগ খাৱ কিয়?
গৰখীয়াই যে মোক নৰখে মইনো নেখাম কিয়!
অ' গৰখীয়া, অ' গৰখীয়া, গৰু নৰখ কিয়?
ৰান্ধনীয়ে যে ভাত নিদিয়ে, মইনো ৰখিম কিয়?
অ' ৰান্ধনী, অ' ৰান্ধনী ভাত নিদিয় কিয়?
খৰিকটীয়াই যে খৰি নিদিয়ে মইনো ৰান্ধিম কিয়?
অ' খৰিকটীয়া, অ' খৰিকটীয়া, খৰি নিদিয় কিয়?
বৰগছ যে কাটি থৈছোঁ নুশুকাৱনো কিয়?
অ' বৰগছ, অ' বৰগছ, নুশুকাৱনো কিয়?
মেঘে যে বৰষুণ দিয়ে মইনো শুকাম কিয়?
অ' মেঘ, অ' মেঘ, বৰষুণ দিয় কিয়?
ভেকুলীয়ে যে টোৰ্‌টোৰায় মইনো নিদিম কিয়?
অ' ভেকুলী অ' ভেকুলী, টোৰ্‌টোৰায় কিয়?
বোপা ককাৰ বৃত্তিটো এৰিম নো কিয়?



২

ঘুঘু রে তুই আমার বাড়ি যাস,
নুন-মাছ-ভাত দেব ডালে বসে খাস।
ডাল ভেঙে তারপৰ তেলিৰ বাড়ি যাস,
তেলি দেবে তেল-টেল মালিনী দেবে ফুল।
ও মালিনী, ও মালিনী, বাপু কোথায় গেল?
চাঁদদিদি ডেকে নিয়েছে, বীণা বাজিয়ে গেল।
বাপু আমার, সোনা আমার, গেল কী করে?
বাদুড়ের বুকু চড়ে গেল সে গো উড়ে।
কী-বা খায়, কী-বা পৰে, কী করে বা থাকে?
ফুলের মৌ, শিশিৱের জল দেয় নাকি তাকে।
চাঁদদিদি ঘুম পাড়াবে তাকে কোলে নিয়ে,
তারারা তাকে ঘিৱে ধৰবে ভজন শুনিয়ে।
বাপু খুদে হাতে দেবে তালি তা থেই থেই,
তা ধিনধিন তা ধিনধিন, থেই থেই থেই।



২

কপোটি এ' মোৰ তালৈ যাবি
লোনে মাছে ভাত দিম জালত পৰি খাবি।
ডাল-ডুল ভাঙি পাছে তেলীয়াৰ তালৈ যাবি।
তেলীয়ায় দিব তেল-তুল মালিনীয়ে দিব ফুল।
অ' মালিনী, অ' মালিনী, বাপু ক'লে গ'ল?
জোনবায়ে মাতি নিছে বীণ বাই গ'ল।
দেহি এ, বাপুকণ গ'ল কেনেকৈ?
বাদুলিৰ বোকোচাত উঠি উৰি গ'ল গৈ।
কিবা খায়, কিবা লয়, থাকে কেনেকৈ?
ফুলৰ মৌ, নিয়ৰৰ পানী পায় খাবলৈ।
জোনবায়ে কোলাত লৈ বাপুৰে নিচুকাব,
তৰাবোৰে বেৰি ধৰি নামগুণ গাব।
অকণি হাতেদি বাপুৰে ধৰিব
চাপৰি তেখেই-খেই।
তাক ধিনধিন তাক ধিনধিন
ধেই, ধেই, ধেই।

৩

এ বলে কানখোর, ও বলে কানখোর,
সেই কানখোর কী কাজ করে?
হাতে নাগাশেল কাঁধে লাল ছাতা
ছেলেদের কান খেয়ে সে মরে।

কানখোর : মূলে আছে 'কানখোআ',
যে কান খায়। শিশুদের ভয় পাওয়ানোর জন্য
বানানো ভূত-পরি জাতীয় কেউ। জুজু।

৩

ই বোলে কাণখোৱা সি বোলে কাণখোৱা
কাণখোৱাই কিনো কাম কৰে,
হাতত নগা জাঠি কানত বঙা ছাতি
ল'ৰাৰ কাণে খাই ফুৰে।